

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 08-02-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) আগরতলায় অনুষ্ঠিত দুদিনব্যাপী বিজনেস কনক্লেভে বিনিয়োগকারী ও রাজ্য সরকারের মধ্যে ৮৭টি সমৰোতা পত্র স্বাক্ষরিত হয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আশা প্রকাশ করেছেন যে, রাজ্যের প্রাকৃতিক সম্পদ এবং রাজ্য সরকারের শিল্প বান্ধব নীতিগুলোর সহায়তায় দেশ বিদেশের বিনিয়োগকারীরা রাজ্য শিল্প স্থাপনে এগিয়ে আসবেন।
- (৩) আগামী ১০ই ফেব্রুয়ারি নতুনদিল্লিতে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠিত হবে।
- (৪) বিজেপি প্রায় তিনি দশক পর দিল্লি বিধানসভা নির্বাচনে ক্ষমতাসীন আম আদমি পার্টির পরাজিত করে বিপুল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে।
- (৫) ভগবান বীর্সা মুক্তা ফুটবল প্রতিযোগিতার ছেলে ও মেয়ে উভয় বিভাগে গোমতী জেলা চ্যাম্পিয়ন হয়েছে।

Business Conclave 2025-CM :

আগরতলায় অনুষ্ঠিত দুদিনব্যাপী বিজনেস কনক্লেভে বিনিয়োগকারীগণ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সঙ্গে ৮৭টি সমৰোতাপত্র স্বাক্ষর করেছেন। এতে বিনিয়োগকারীরা রাজ্য বিভিন্ন ক্ষেত্রে প্রায় ৩৮০০ কোটি টাকা বিনিয়োগ করবেন।

ডেস্টিনেশন ত্রিপুরা-ল্যান্ড অব অপরচুনিটিজ: বিজনেস কনক্লেভ-২০২৫-এর আজ শেষ দিনের অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, আমাদের রাজ্য রাবার, বাঁশ, প্রাকৃতিক গ্যাস, চা সহ বিভিন্ন প্রাকৃতিক সম্পদে ভরপুর। এই প্রাকৃতিক সম্পদকে ভিত্তি করে রাজ্যে শিল্প স্থাপনের বিপুল সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, এই কনক্লেভের উদ্দেশ্য হল শিল্পাদ্যোগী ও বিনিয়োগকারীদের আরো বেশি করে পারস্পারিক সহযোগিতা এবং অংশগ্রহণের মাধ্যমে রাজ্যে একটি শিল্প সহায়ক পরিবেশ তৈরী করা। রাজ্যের প্রাকৃতিক সম্পদ এবং রাজ্য সরকারের শিল্প বান্ধব নীতিগুলোর সহায়তায় দেশ বিদেশের বিনিয়োগকারীরা রাজ্যে শিল্প স্থাপনে এগিয়ে আসবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন।

তিনি বলেন, রাজ্যে রাবার ভিত্তিক শিল্প স্থাপনে রাজ্য সরকার রাবার পার্ক তৈরী করা সহ নানা উদ্যোগ গ্রহণ করে কাজ করছে। ফলে বিনিয়োগকারীরা রাজ্যে রাবার ভিত্তিক শিল্প স্থাপনে উৎসাহ দেখাচ্ছেন। বাঁশভিত্তিক শিল্প স্থাপনেও রাজ্য সরকার বিনিয়োগকারীদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা করেছে। আনারসকে ভিত্তি করে রাজ্যে ফল প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনেও বিনিয়োগকারীদের উৎসাহিত করা হচ্ছে।

মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্য সরকার রাজ্যের ইকো-ট্যুরিজম, ধর্মীয় ট্যুরিজমকে উন্নয়ন করার লক্ষ্যে নানা উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি পর্যটন শিল্পের প্রসারে হোটেল স্থাপনেও বিনিয়োগকারীদের উৎসাহিত করা হচ্ছে। দেশ-বিদেশের বিনিয়োগকারীরাও রাজ্য আগর শিল্পে বিনিয়োগ করার আগ্রহ প্রকাশ করছেন।

রাজ্যে শিল্প স্থাপন প্রক্রিয়াকে সহজতর করার লক্ষ্যে সিঙ্গেল উইল্ডে 'স্বাগত' পোর্টাল চালু সহ নানা পলিসি চালু করা হয়েছে, ফলে ত্রিপুরা সম্ভাব্য বিনিয়োগকারীদের বিনিয়োগের জন্য আদর্শ গন্তব্য হিসেবে পরিচিতি পাচ্ছে।

কন্কলেভে আজ অন্যন্যদের মধ্যে বক্তৃব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা, মুখ্যসচিব জে কে সিনহা, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী 'ল্যান্ড ব্যাংক সিস্টেম' এবং 'ইনসেন্টিভ ক্যালকুলেটর' এই দুটি পোর্টালের সূচনা করেন। উপস্থিতি ছিলেন মুখ্য বন সংরক্ষক আর কে সামল, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বাণিক প্রমুখ।

Pariksha Pe Charcha :

এবছর পরীক্ষা পে চৰ্চা অনুষ্ঠান আয়োজিত হবে নয়াদিল্লিতে আগামী ১০ই ফেব্রুয়ারি বেলা ১১টায়। প্রতিবারের মতো এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কথা বলবেন ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে। পরীক্ষার আগে প্রস্তুতি, মানসিক চাপ প্রশমন এবং ব্যক্তিত্ব বিকাশের জন্য বিশেষ পরামর্শও দেবেন তিনি। এবছর সারা দেশের বিভিন্ন বিদ্যালয় থেকে থেকে বাছাই করা ৩৬ জন ছাত্র-ছাত্রী অনুষ্ঠানে সরাসরি অংশ নেবেন। দেশের সমস্ত ছাত্র-ছাত্রীরা টেলি যোগাযোগ মাধ্যমে এই অনুষ্ঠানে যাতে অংশ নিতে পারেন এজন্য সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি যথাযথ ব্যবস্থা নিয়েছে।

ভিন্ন ভিন্ন ক্ষেত্রের খ্যাতনামা ব্যক্তিত্ব, এই অনুষ্ঠানে সরাসরি অংশ নিয়ে তাদের জীবন ও কৃতিত্ব সম্পর্কে অভিজ্ঞতা, পরামর্শ ছাত্র-ছাত্রীদের সামনে তুলে ধরবেন। উল্লেখযোগ্য ব্যক্তিত্বদের মধ্যে যাঁরা অংশ নেবেন তাদের মধ্যে রয়েছেন এম সি মেরিকম, অবনী লেখারা, সুহাস যতিরাজ, দীপিকা পাড়ুকোন, সোনালী সাতেরওয়াল এবং রঞ্জুতা দিবাকর, প্রযুক্তি ও অর্থ বিষয় ক্ষেত্রে গৌরব চৌধুরী এবং সৃজনশীলতা ক্ষেত্র থেকে বিক্রান্ত ম্যাসি এবং ভূমি পাড়নেকর।

'পরীক্ষা পে চর্চা ২০২৫"-অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের যোগদানের আহ্বান জানিয়ে কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অনন্পূর্ণা দেবী বলেন, 'পরীক্ষা পে চর্চা এখন আর কেবল একটি কর্মসূচি নয়, এ এক জাতীয় শিক্ষা অভিযান কার্যক্রমে পরিণত হয়েছে।

#####Byte- Annapurna Devi#####

এদিকে সারা দেশের সাথে, রাজ্য থেকেও ছাত্রছাত্রী শিক্ষকমন্ডলী পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে যোগ দিতে প্রস্তুতি নিচ্ছেন। আকাশবাণীর সঙ্গে সাক্ষাৎকারে গত বছরের অংশগ্রহণকারী আদৃজা চক্রবর্তী বলেছেন পরীক্ষার নিয়ে ভীতি কমাতে প্রধানমন্ত্রীর পরামর্শ পেয়ে সে উপকৃত হয়েছে।

#####Byte- Adrija Chakraborty#####

'পরীক্ষা পে চর্চা ২০২৫"-অনুষ্ঠানে যোগদানের আহ্বান জানিয়েছেন সোনামুড়া স্কুলের প্রধান শিক্ষক সুব্রত কুমার দেবনাথ ও সোনামুড়া পি এম শ্রী স্কুলের ছাত্রী সাগরিকা দেবনাথ

#####Byte- Subrata Kr Debnath#####

#####Byte- Sagarika Debnath#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিলিউ. ডিলিউ. ডিলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Delhi Election :

বিজেপি প্রায় তিনি দশক পর দিল্লি বিধানসভা নির্বাচনে ক্ষমতাসীন আম আদমি পার্টির পরাজিত করে বিপুল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। বিধানসভার ৭০টি আসনের মধ্যে ঘোষিত ৬৬টির মধ্যে বিজেপি ৪৫টি আসন জিতেছে এবং ৩টি আসনে এগিয়ে রয়েছে। আম আদমি পার্টি ২১টি আসন পেয়েছে এবং ১টিতে এগিয়ে রয়েছে। তৃতীয় প্রতিদ্বন্দ্বী কংগ্রেস নিশ্চিহ্ন হয়ে গেছে।

বরিষ্ঠ আম আদমি নেতা অরবিন্দ কেজরিওয়াল পরাজিত হয়েছেন। কালকাজি থেকে দলের অতীশি জয়লাভ করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লি বিধানসভা জয়ের প্রতিক্রিয়ায় বলেছেন এই জয় সুশাসন ও উন্নয়নের জয়। সামাজিক মাধ্যমে এ কথা জানিয়ে তিনি দিল্লী বাসীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন দিল্লির উন্নয়নে কোন ঘাটতি রাখা হবে না। প্রধানমন্ত্রী আরও বলেন বিকশিত ভারত গঠনে দিল্লি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

দিল্লি বিধানসভা নির্বাচনের ফলাফল সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেন, এই নির্বাচনে বিজেপির জয় দলের প্রতি মানুষের আস্থাকে নিশ্চিত করেছে। তিনি বলেন আপ-এর পরাজয় নিশ্চিত ছিল।

Mahakumbh :

এবারে মহাকুণ্ডের খবর

#####Sound Byte#####

মহাকুন্তে ত্রিবেণী সঙ্গমে এখন পর্যন্ত ৪১ কোটিরও বেশি ভক্ত পবিত্র স্নান করেছেন। বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, অভিনেতা অনুপম খের, হেমা মালিনী এবং রাজকুমার রাও, প্রাক্তন ক্রিকেটার সুরেশ রায়না, বক্সিং চ্যাম্পিয়ন বিজেন্দ্র সিং এবং মেরি কম, ব্যাডমিন্টন তারকা এবং অলিম্পিক পদক বিজয়ী সাইনা নেহওয়ালের মতো বিখ্যাত ক্রীড়া ব্যক্তিদ্বারা পবিত্র স্নান করেছেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ১০ই ফেব্রুয়ারি ত্রিবেণী সঙ্গমে ঘাওয়ার সন্তাননা রয়েছে।

#####Sound Byte#####

Mission Vatsalya :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় মিশন বাসল্যের অধীনে আজ গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে সচেতনতামূলক শিবিরের উদ্বোধন করেন। তিনি বলেন, কোন শিশু যাতে অবহেলার শিকার না হয়, এবং শিশুর বিকাশের ক্ষেত্রে বা পঠন পাঠনের ক্ষেত্রে যাতে কোন রকম অসুবিধা না হয় এরজন্য এই প্রকল্পে অন্তর্ভুক্ত শিশুদের প্রতি মাসে চার হাজার টাকা করে প্রদান করা হবে। আজকের অনুষ্ঠানে মোট ১৫৬ জন স্কুল পড়ুয়াকে এই আর্থিক সহায়তা প্রদানের অনুমোদন দেওয়া হয়। উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

TBSE-Admit :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এ বছরের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা আলিম ও মাদ্রাসা ফার্জিল থিওলজি পরীক্ষার্থীদের এডমিট কার্ড আগামী ১০ই ফেব্রুয়ারী মধ্যশিক্ষা পর্ষদ কার্যালয় থেকে সংশ্লিষ্ট সমস্ত স্কুল কর্তৃপক্ষের কাছে প্রদান করা হবে। পর্ষদ সচিব দুলাল দে আজ এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছেন।

IMA Conference :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার চিকিৎসা পরিকাঠামোর উন্নতির জন্য সব ধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যে আরো একটি সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। আজ আগরতলায় সুকান্ত একাডেমিতে আই এম এ ত্রিপুরা শাখার আয়োজিত অল ত্রিপুরা মেডিকেল কনফারেন্সের উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন। তিনি হাসপাতালগুলিতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের যথাযথ দায়িত্ব নিয়ে কাজ করতে প্রারম্ভ দেন। বক্তৃব্য রাখেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা ডাঃ সৌমিত্র মল্লিক, IMA ত্রিপুরা শাখার সভাপতি ডা সঞ্জীব কুমার দেববর্মা, সম্পাদক ডাঃ বাসব ঘোষ। অনুষ্ঠানে আট জন প্রবীন চিকিৎসককে সংবর্ধনা প্রদান করা হয়।

Birsa Munda Football :

উপজাতি কল্যান দপ্তরের উদ্যোগে রাজ্যের উপজাতি আবাসিক গুলির মধ্যে আয়োজিত ভগবান বীর্যা মুন্ডা ফুটবল প্রতিযোগিতার ছেলে ও মেয়ে উভয় বিভাগে গোমতী জেলা চ্যাম্পিয়ন হয়েছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের ফাইনালে গোমতী জেলা ৮-০ গোলে সিপাহীজেলা জেলা দলকে প্রারজিত করে।

পরে নেশালোকে অনুষ্ঠিত ছেলেদের ফাইন্যালেও গোমতী জেলা ২-১ গোলে দক্ষিণ জেলাকে পরাজিত করে। ফাইন্যালের শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে ট্রফি ও প্রাইজমানি দেয়া হয়। এই অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় ও উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা উপস্থিত ছিলেন।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ২৫৭টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৩৯টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩০টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ২৩টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, পুরুষদের ফুটবলে ২৮ বছর পর জাতীয় গেমসে স্বর্ণপদক পদক পেয়েছে কেরালা। ফাইনালে কেরালা ১-০ গোলে হারিয়ে দেয় স্বাগতিক উত্তরাখণ্ডকে। হেরে যাওয়ায় উত্তরাখণ্ড রৌপ্যপদক পায়। বক্সিং-এ অলিম্পিয়ান লাভলিনা বড়গোঁহাই মহিলাদের ৭৫ কেজি বিভাগে স্বর্ণপদক পেয়েছেন। পুরুষ বিভাগে লাইট হেভিওয়েটে লক্ষ্য চাহার ও সুপার হেভিওয়েট বিভাগে নরেন্দ্র স্বর্ণপদক ছিনিয়ে নেন।
